দৈনিক ইত্তেফাক 24

OCT. 22 1999

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

# শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলনের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ গত ১৪ই অক্টোবর বাংলাদেশ ছাত্র ফেডারেশন চট্টগ্রাম মহানগর শাখার এক সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের উপর পুলিশী নির্যাতনের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানানো হয়। বক্তারা বলেন, দেশীয় শাসক শ্রেণী তাহাদের স্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষা সংকোচনের যে নীতি গ্রহণ করিয়াছে তাহার বিরুদ্ধে আন্দোলন করিতে গিয়া নিরীহ ছাত্র-ছাত্রীদের উপর অত্যাচারের ষ্টীম রোলার চালানো হইতেছে। এ অমানুষিক হামলায় ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি জুনায়েদ ও সাধারণ সম্পাদক উজ্জল, ছাত্র ইউনিয়ন নেতা বাকীবিল্লাহ, শাহবুদ্দিন মিন্টুসহ শতাধিক ছাত্র-ছাত্রী আহত হয় এবং অনেকে গ্রেফতার হয়। ছাত্রফেডারেশন নেতৃবৃন্দ শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান। নগর সভাপতি জিয়া সিকদারের সভাপতিত্বে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি আমির আব্বাস, নগর সাধারণ সম্পাদক হাসাদ মারুফ রুমী, পাভেল ভট্টাচার্য, জমিলা সিদ্দিকা বেলী ও লুনা সেন গুপ্তা। পূর্বাহ্নে একটি বিক্ষোভ মিছিল বাহির করা হয়।